ভোরের কাগজ

তারিখ ··· 20 NOV 1997 ···
পৃষ্ঠা 7 কলাম 6

প্রধানমন্ত্রী দুজনকে নির্বাচিত করবেন

# রোকেয়া পদকের জন্য ৩ জন মনোনীত

কাগজ প্রতিবেদক : রোকেয়া পদক '৯৭-এর জন্য দেশের তিনজন বিশিষ্ট নারী ব্যক্তিত্বকে মনোনীত করা হয়েছে। গত মঙ্গলবার দুপুরে সচিবালয়ের কেবিনেট কক্ষে অনুষ্ঠিত জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি এই মনোনয়ন চূড়ান্ত করে সুপারিশ হিসেবে প্রধানমন্ত্রীর কাছে পাঠিয়েছে। বিধান অনুযায়ী নারী সমাজের আর্থ-সামাজিক উন্নয়ন, শিক্ষা ও প্রগতির ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য সরকার প্রতিবছর সর্বাধিক দুজন মহিলাকে রোকেয়া পদকে ভূষিত করে থাকে।

মন্ত্রিসভা কমিটি যাদের নাম চূড়ান্ত করেছে তারা হলেন সাপ্তাহিক বেগম পত্রিকার সম্পাদক নূরজাহান বেগম, জাতীয় মহিলা সংস্থার চেয়ারপারসন আইভী রহমান এবং চট্টগ্রামের বিশিষ্ট সমাজসেবিকা, নারী আন্দোলনের নেত্রী ও লেখিকা উমরাতুল ফজল। প্রধানমন্ত্রী এদের মধ্য থেকে দুজনকে মনোনীত করবেন।

মন্ত্রিসভা কমিটি সূত্রে জানা যায়, মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় কমিটির কাছে রোকেয়া পদক '৯৭-এর জন্য মোট সাতটি নাম প্রস্তাব করেছিল। মনোনীত তিনজন ছাড়া ঐ তালিকায় অপর চারজন ছিলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপিকা ড. শাহানারা বেগম, যশোরের বেসরকারি সংগঠন 'বাঁচতে শেখা'র নির্বাহী পরিচালক ও প্রতিষ্ঠাতা এঞ্জেলে গোমেজ, মহিলা পরিষদের সাধারণ সম্পাদিকা আয়শা খানম এবং পরিবার পরিকল্পনায় আত্মনিবেদিতা মহিলার নির্বাহী পরিচালক মোফাবেজা খান।

প্রসঙ্গত, পররাষ্ট্রমন্ত্রী আবদুস সামাদ আজাদ পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চেয়ারম্যান। কমিটির অপর ৬ জন সদস্য হলেন স্থানীয় সরকার মন্ত্রী জিল্লুর রহমান, শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক, বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমদ, কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী, সংস্কৃতি প্রতিমন্ত্রী ওবায়দুল কাদের এবং সমাজকল্যাণ প্রতিমন্ত্রী ডা. মোজাম্মেল হোসেন। আগামী ৯ ডিসেম্বর বেগম রোকেয়া দিবসে প্রধানমন্ত্রী রোকেয়া পদক প্রদান করবেন।